

কোথায় স্বদেশ

খালপাড়ের উচ্ছেদ মনে রেখে

অতর্কিতে ভেঙে যায়  
ঘটিবাটি বাসন কোসন  
জানালা দরজা  
পুড়ে যায় ঘর বাড়ি  
স্বীপুত্র কন্যা পরিজন

রাত কণ্ঠে বলে যায়  
এ তোমার দেশ নয়  
তুমি ভিনদেশী  
অবশেষে নিরাপদ  
আপন জন্মভূমিতেই  
পরদেশী হয়ে গেল!

ক্রমাগত দৃশ্যপট বদলে যায়  
যে এখন জেনে গেছে  
এ সবে বিস্মিত হবার কোন মানে নেই  
স্মৃতি ও বিস্মৃতির অতলে তাই  
হাতড়ে হাতড়ে খুঁজি  
কোনখানে তার জন্যে  
স্থান আছে কিনা  
কার কাছে খোঁজ পাবে  
তার  
অথবা ছিল কোন কালে  
সে শুধুই দেখেছে ভেঙে যেতে  
ঘরবাড়ি এবং মানুষ।

নিরাপদ ভাবে বসে  
এ আমার স্বদেশ নয়  
সে বুঝি অন্য কোন দেশ  
এ দেশে স্বদেশ কোথায়  
কিংবা এ কার স্বদেশ!

তপনকুমার রায়